দৈনিক ইনকিলাব

0 5 JAN 1993

তারিখ 0 5 JAN 1993
পৃষ্ঠা ১২ কলাম ৭

# উচ্চ শিক্ষা আন্তর্জাতিক মানের হতে হবে

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেছেন, বিজ্ঞান প্রযুক্তি ও দর্শনে উচ্চ শিক্ষা আন্তর্জাতিক মানের হওয়া একান্ত প্রয়োজন। এতে গ্র্যাজুয়েটধারীরা জাতীয় উন্নয়নে নিজ নিজ ক্ষেত্রে তাদের অবদান রাখতে পারবেন। শিক্ষামন্ত্রী গতকাল ঢাকায় আইসিডিডিআরবি'র সম্মেলন কক্ষে "উচ্চ শিক্ষা ও গতিধারা" শীর্ষক ২ দিনের এক সেমিনার উদ্বোধনকালে বলেন, উচ্চ শিক্ষার ভিত্তি আরো শক্তিশালী করার লক্ষ্যে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার মানের ওপর আরো জোর দিতে হবে। এ লক্ষ্য অর্জনে বর্তমান সরকার বাস্তব পদক্ষেপ গ্রহণ করেছেন বলে তিনি জানান। খবর বাসস/ইউএনবি'র।

বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ও প্রসপেকটাস পরিচিতি উপলক্ষে শিক্ষা, বিজ্ঞান, প্রযুক্তি ও সংস্কৃতি উন্নয়ন ট্রাস্ট আয়োজিত ও অধ্যাপক ইয়াস আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম, শামসুল হক, ব্যারিস্টার মঈনুল হোসেন, ডঃ আবদুল মজিদ খান প্রমুখ বক্তৃতা করেন।